পত্র নম্বর ঃ ২৯২

তারিখ ঃ- ০২/০৮/২০০০

প্রেরক ঃ কলেজ পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা ।

প্রাপক ঃ অধ্যক্ষ/অধ্যক্ষা,
প্রধান শিক্ষক/শিক্ষিকা,
.......................................
আলেয়া আজম কলেজ,
.......................................
মেলান্দহ, জামালপুর ।

বিষয় ঃ প্রাথমিক অনুমতি প্রসংগে ।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিধি মোতাবেক নিম্নোক্ত শর্তসমূহ আরোপ করে আপনার কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়কে ০১-০৭-৯৯ হতে ৩০-০৬-২০০২ পর্যন্ত ৩ (তিন) বছর মেয়াদে নিম্নবর্ণিত শাখা ও বিষয়সহ একাদশ শ্রেণী খোলার অনুমতি প্রদান করা হ'ল ।

শাখা ও বিষয় সমূহ ঃ

আবশ্যিক ঃ বাংলা, ইংরেজী (সকল শাখার জন্য)

মানবিক-শাখা ঃ অর্থনীতি, পৌরনীতি, ~~সমাজ বিজ্ঞান~~, সমাজ কল্যাণ, ~~ইতিহাস~~, ইসলামের ইতিহাস, ~~মনোবিজ্ঞান, পরিসংখ্যান~~, যুক্তিবিদ্যা, ~~গার্হস্থ্য অর্থনীতি, কৃষি শিক্ষা, কম্পিউটার শিক্ষা~~ = ৫

বিজ্ঞান শাখা ঃ পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান, গণিত ~~ভূগোল, মনোবিজ্ঞান, পরিসংখ্যান, কৃষি শিক্ষা, হিসাব বিজ্ঞান, কম্পিউটার শিক্ষা~~ ৪

ব্যবসায় শিক্ষা শাখা ঃ ব্যবসায় নীতি ও প্রয়োগ, হিসাব বিজ্ঞান, ব্যবসায় উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা, ~~অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল, অর্থায়ন ও উৎপাদন এবং বিপণন, পরিসংখ্যান, সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা~~, কৃষি শিক্ষা, ~~কম্পিউটার শিক্ষা~~ = ৪

শর্তসমূহ ঃ

১। কলেজের সংরক্ষিত তহবিলের ১,০০,০০০/০০ (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ব্যতিরেকে উঠানো যাবে না ।

সাধারণ তহবিলে ৫০,০০০/০০ (পঞ্চাশ হাজার) টাকা সব সময় রাখতে হবে ।

৩। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (...শাঃ ৩/১০ এস-৫০/৮৩/৫৬০ (১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ই জুন, ১৯৮৩) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদপ্তরের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং কলামনার ক্যাশ বইতে হিসাব সংরক্ষণ করতে হবে ।

৪। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিষ্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে ।